ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বিচ্ছেদের দীর্ঘ জল্পনা, অবশেষে খোলাসা করলেন ঐশ্বরিয়া

পৃঃ ৫



আচরণবিধি ভাঙায় কোহলিকে জরিমানা

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১১৪ ● কলকাতা ● ১৪ বৈশাখ, ১৪৩১ ● শনিবার ● ২৭ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বিজিপি কর্মী খুনের অভিযোগ সহ

# দ্বিতীয় দফা ভোট সম্পূর্ণ হলো



**তানিয়া দাস : নিউজ সারাদিন :** গতকাল বঙ্গের তিন কেন্দ্র যথা দার্জিলিং রায়গঞ্জ এবং বালুরঘাটে দ্বিতীয় দফার নির্বাচন সম্পন্ন হল। একদিকে রাজ্যের বিভিন্ন প্রান্তে প্রচন্ড দাবদাহ, অন্যদিকে নির্বাচনী উত্তাপ। সবমিলিয়ে শুক্রবারের সারাটা দিন ছিল তাৎপর্যপূর্ণ, কিন্তু এই তিন কেন্দ্রে নির্বাচন কমিশনের বিধি নিয়ম মেনে শান্তিপূর্ণ নির্বাচন হল কি? দার্জিলিঙে অশান্তির ঘটনা অল্প বিস্তর হলেও বালুরঘাট এবং রায়গঞ্জে অশান্তির বিভিন্ন চিত্র সামনে এসেছে। রায়গঞ্জের নকশালবাড়িতে ইভিএম বিভ্রাট দেখা গেছে। যার জেরে ভোট দেরিতে শুরু হয়েছে, আর ভোগান্তি পোয়াতে হয়েছে জনসাধারণকে। অন্যদিকে মৃত্যুর মত হার হিম করার অভিযোগও সামনে এসেছে। উল্লেখ্য নির্বাচনী আবহেই ময়নার বাকচায় বিজেপি কর্মীকে অপহরণ করে খুনের অভিযোগ। পরিবারের দাবি বুধবার থেকে নিখোঁজ ছিল গোড়া গ্রামের বাসিন্দা বছর বাইশের দীনবন্ধু মিদ্যা। বৃহস্পতিবার রাতে বাড়ি থেকে কিছুটা দূরে পানের বরজে ওই বিজেপি কর্মীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। যা ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। অপহরণ করে খুনের অভিযোগের সরব বিজেপি। খুনের ঘটনায় পরিবারের তরফে সিবিআই তদন্তের আর্জি জানানো হয়েছে। তাহলে কি রাজ্য পুলিশের উপর ভরসা হারালো মৃতের পরিবার? প্রশ্ন থেকেই যায়। আবার কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধেও ভোটারদের ভয় দেখানোর অভিযোগ এসেছে যাদের তত্ত্বাবধানে মানুষ নির্ভয়ে ভোটদানের আশা রাখে তাদের থেকে এইরকম আচরণ কি সত্যি কাম্য? ২০২৪ এ নির্বাচনে দক্ষিণ দিনাজপুরের বালুর

এরপর ৩ পাতায়

## ভোটে মনোনীত প্রার্থীদের

### তুলনায় বেশি ভোট পেয়েছে নোটা, এক্ষেত্রে কি নির্বাচন বাতিল বলে গণ্য করা উচিত? জানতে চাইছে শীর্ষ আদালত




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটে মনোনীত প্রার্থীদের তুলনায় বেশি ভোট পেয়েছে নোটা । সেক্ষেত্রে করণীয় কী? মতামত চেয়ে নির্বাচন কমিশনের মতামত জানতে চাইল সুপ্রিম কোর্ট। এক্ষেত্রে কি নির্বাচন বাতিল বলে গণ্য করা উচিত? জানতে চাইছে শীর্ষ আদালত।

উল্লেখ্য, ২০১৩ সালে সুপ্রিম কোর্টের রায়েই ভোট প্রক্রিয়ায় 'নোটা' অন্তর্ভুক্ত করা হয়। ওই নোটায় পড়া ভোট অবশ্য সার্বিক ফলাফলে কোনও প্রভাব ফেলে না। বরং এই ভোটগুলিকে 'ইনভ্যালিড' বা অকেজো হিসাবে গণ্য করা হয়। কোনও কেন্দ্রে সব প্রার্থীর থেকে নোটা বেশি আসন পেলে সেই কেন্দ্রের নির্বাচন বাতিল ঘোষণা করা উচিত।এই দাবিতে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছিলেন মোটিভেশনাল স্পিকার শিব খেরা। ওই মামলাকারীর আরও দাবি, যে যে প্রার্থী

এরপর ৩ পাতায়

## গঙ্গারামপুরে ভোট পরিদর্শনে গিয়ে

# গো-বেক স্লোগানের সম্মুখীন সুকান্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বালুরঘাট: নিউজ সারাদিন : সকাল সকাল নিজের ভোটকেন্দ্র বালুরঘাটে ভোট দিয়ে নির্দিষ্ট কিছু অভিযোগের ভিত্তিতে গঙ্গারামপুরে ছুটে আছেন বিজেপির প্রার্থী সুকান্ত মজুমদার। গঙ্গারামপুরের ৭ ও ৮ নং ওয়ার্ডে বিজেপির প্রার্থী প্রবেশ করতে তৃণমূল সমর্থকদের পক্ষ থেকে ছুটে আসে "সুকান্ত মজুমদার গো ব্যাক" স্লোগান। এর পরে বিস্ফোরক হয়ে ওঠেন সুকান্ত মজুমদার, গঙ্গারামপুর থানার আইসি সহ দুই তৃণমূল নেতার বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দিলেন সুকান্ত মজুমদার।

এদিন গঙ্গারামপুরের একটি পাঁচ তারা হোটেলে সংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদার দলীয় এজেন্টের বাড়ি ভাংচুরের অভিযোগ তোলেন তৃণমূলের বিরুদ্ধে। বালুরঘাট লোকসভা আসনের বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদার গঙ্গারামপুর থানার আইসির নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছেন। এই ঘটনা নিয়ে নির্বাচন কমিশনের দারস্ত হওয়ার হুশিয়ারি দেন সুকান্ত বাবু। প্রসঙ্গত গঙ্গারামপুর পুর এলাকার ৮ নং ওয়ার্ডে তথা ৪৮ নং বুথে এক বিজেপির পোলিং এজেন্টকে বের করে দেওয়ার অভিযোগ উঠে তৃণমূলের বিরুদ্ধে। তাৎপর্যপূর্ণভাবে এই ওয়ার্ডটি বালুরঘাট লোকসভা আসনের তৃণমূল প্রার্থী বিপ্লব মিত্রের ভাই তথা গঙ্গারামপুর পৌরসভার

এরপর ৩ পাতায়

## সন্দেশখালিতে এনআইএ


### কি সময়ের অপেক্ষা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালিতে এনআইএ কি সময়ের অপেক্ষা? এখন সে প্রশ্নই উঠছে। মনে করা হচ্ছে বোমা-অস্ত্র উদ্ধারের পর্ব শেষ হলেই এনআইএ প্রাথমিক তদন্ত করে এফআইআর করতে পারে। কারণ, যে কোনও বিস্ফোরক উদ্ধারের ঘটনায় এনআইএ তদন্ত করতে পারে। কারণ, সন্দেশখালির সরবেড়িয়ায় শুক্রবার প্রচুর অস্ত্র উদ্ধার হয়েছে।সূত্রের খবর, বিদেশি নাইন এমএম, দেশি ৭ এমএম, বোমা, কার্তুজ, দেশি-বিদেশি মিলিয়ে উদ্ধার হওয়া আগ্নেয়াস্ত্রের সংখ্যা অন্তত ১৫। আর বিদেশি অস্ত্র মানেই তার সঙ্গে কোনও অস্ত্র পাচারকারী চক্রের যোগ থাকতে পারে। অন্যদিকে প্রচুর বিস্ফোরকও উদ্ধার হয়েছে, প্রাথমিকভাবে মনে যা মনে করা হচ্ছে উচ্চ ক্ষমতাসম্পন্ন। সে কারণেই এনএসজি বম্ব ডিসপোজাল ও ডিটেকশন স্কোয়াড ব্যবহার করা হচ্ছে। তাঁরা

এরপর ৩ পাতায়



# 'ক্যালিবার টি-৫' দর্শন করল সন্দেশখালি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রিমোটলি অপারেটেড এক্সপ্লোসিভ ডিসপোজ[]াল রোবট'। আদতে দূর নিয়ন্ত্রিত বিস্ফোরক সন্ধান ও বিনষ্টকারী যান। দেশের এলিট কমান্ডো বাহিনী 'ন্যাশনাল সিকিউরিটি গার্ড' (এনএসজি)-এর সৌজন্যে এ বার তার অত্যাধুনিক সংস্করণ 'ক্যালিবার টি-৫' দর্শন করল সন্দেশখালি। দু'টি ব্যাটারি-সহ ৬৮ কিলোগ্রাম ওজনের এই রোবট-যান টানা চার ঘণ্টা পর্যন্ত কাজ করতে পারে। সন্দেশখালিতেও শুক্রবার দীর্ঘক্ষণ জন্য অভিযান চালিয়ে বিপুল বিস্ফোরক উদ্ধার করেছে এনএসজির রোবট। প্রায় তিন ইঞ্চির 'গ্রাউন্ড ক্লিয়ারেন্স' যুক্ত ক্যালিবার মরুভূমির বালি বা গুঁড়ো বরফের আস্তরণের উপর দিয়ে চলাচল করতে পারে সাবলীল ভাবে। এর 'গ্রিপার-আর্ম' ৩৬০ ডিগ্রিতে থাকা বিস্ফোরক নিষ্ক্রিয় করতে পারে। ব্যাটারিচালিত এবং দূর থেকে নিয়ন্ত্রণযোগ্য এই রোবট নিরাপদ ভাবে বোমা ও বিস্ফোরক চিহ্নিত করার কাজে ব্যবহার করে এনএসজি, ভারতীয় সেনা এবং বিভিন্ন কেন্দ্রীয় বাহিনী।জওয়ানদের প্রাণহানির ঝুঁকি এড়িয়ে বোমা বা বিস্ফোরক খুঁজে বার করা, সরানো এবং নষ্ট করার কাজে ব্যবহার করা হয় এই রোবট। সাধারণ বিস্ফোরকের পাশাপাশি, রাসায়নিক এমনকি, পরমাণু বোমাও চিহ্নিত ও বহন করতে পারে এই রোবট।

উঁচুনিচু, অসমতল জমির উপর যাতায়াতের সুবিধার জন্য ট্যাঙ্কের মতোই এই রোবটের ছ'টি চাকাকে মুড়ে রয়েছে 'ক্যাটারপিলার ট্র্যাক্ট'। ফলে সিঁড়ি ও খাড়া ঢাল দিয়ে ওঠানামাও করতে পারে সহজেই। উচ্চ ক্ষমতাসম্পন্ন 'পোর্টেবল এক্সরে ডিভাইস'-এর সাহায্যে স্ক্যান করে দ্রুত লুকনো বোমা বা বিস্ফোরক চিহ্নিত করতে পারে ক্যালিবার। তার পর 'গ্রিপার-আর্ম'-এর সাহায্যে সেই বোমা বা আইইডি তুলে এনে তা জল দিয়ে বা অন্য পদ্ধতিতে নিষ্ক্রিয় করতে পারে। উঁচুনিচু, অসমতল জমির উপর যাতায়াতের সুবিধার জন্য ট্যাঙ্কের মতোই এই রোবটের ছ'টি চাকাকে মুড়ে রয়েছে 'ক্যাটারপিলার ট্র্যাক্ট'। ফলে সিঁড়ি ও খাড়া ঢাল দিয়ে ওঠানামাও করতে পারে সহজেই। উচ্চ ক্ষমতাসম্পন্ন 'পোর্টেবল এক্সরে ডিভাইস'-এর সাহায্যে স্ক্যান করে দ্রুত লুকনো বোমা বা বিস্ফোরক চিহ্নিত করতে পারে ক্যালিবার। তার পর 'গ্রিপার-আর্ম'-এর সাহায্যে সেই বোমা বা আইইডি তুলে এনে তা জল দিয়ে বা অন্য পদ্ধতিতে নিষ্ক্রিয় করতে পারে।

এই রোবটে একটি শটগানও রয়েছে। যা দিয়ে বন্ধ দরজা ভাঙা যায়। প্রায় ৫০০ মিটার দূরে 'মাস্টার কন্ট্রোল স্টেশনে' বসেই ক্যালিবারকে নিয়ন্ত্রণ করতে পারা যায়। চারটি ক্যামেরা ও এক্সরে-সহ এই রোবট যান জার্মানি-সহ বিভিন্ন দেশের উন্নত সশস্ত্র বাহিনীর 'সোয়াট' (স্পেশাল ওয়েপন্স অ্যান্ড ট্যাকটিক্স) ইউনিটগুলির মধ্যে অত্যন্ত জনপ্রিয়। 'ভারতীয় প্রতিরক্ষা ও গবেষণা সংস্থা' (ডিআরডিও) সম্প্রতি তৈরি করেছে ক্যালিবারের ভারতীয় সংস্করণ। নাম দেওয়া হয়েছে 'দক্ষ'।

## আইসিআইসিআইয়ের তরফে

# প্রায় ১৭ হাজার গ্রাহকের ক্রেডিট কার্ড ব্লক করে দেওয়া হয়েছে




**মুম্বই: নিউজ সারাদিন :** দেশের অন্যতম শীর্ষ বেসরকারি ব্যাঙ্ক আইসিআইসিআইয়ের তরফে প্রায় ১৭ হাজার গ্রাহকের ক্রেডিট কার্ড ব্লক করে দেওয়া হয়েছে। কার্ডের নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থায় ত্রুটি ধরা পড়ায় ওই কার্ড ব্লক করা হয়েছে বলে ব্যাঙ্কের এক আধিকারিক জানিয়েছেন। যদিও যে সব গ্রাহকের কার্ড ব্লক করা হয়েছে তাদের নয়া কার্ড দেওয়া হবে।আর তার পরেই নড়েচড়ে বসে আইসিআইসিআই ব্যাঙ্ক কর্তৃপক্ষের। গ্রাহকদের ক্রেডিট কার্ডের সুরক্ষায় যে খানিকটা ত্রুটি রয়েছে তা স্বীকারও করে নিয়েছেন ব্যাঙ্কের এক মুখপাত্র। তিনি জানিয়েছেন, সম্প্রতি ইস্যু করা ১৭ হাজার ক্রেডিট কার্ড ভুল করে ব্যাঙ্কের ডিটিটাল চ্যানেলের সঙ্গে জুড়ে গিয়েছে।ওই ১৭ হাজার কার্ড ব্লক করা হয়েছে। কোনও গ্রাহক যদি আর্থিক ক্ষতির মুখে পড়ে থাকেন তাহলে তাকে ক্ষতিপূরণও দেওয়া হবে। খুব শিগগিরই যাদের কার্ড ব্লক হয়েছে তাদের নতুন কার্ড দেওয়া হবে।গ্রাহকদের স্বার্থে মোবাইল ব্যাঙ্কিং অ্যাপ চালু করেছিল আইসিআইসিআই ব্যাঙ্ক কর্তৃপক্ষ। কিন্তু ওই অ্যাপেই সর্ষের মধ্যে ভূত রয়েছে বলে অভিযোগ করেছেন গ্রাহকদের একাংশ। তাদের অভিযোগ, আইমোবাইল অ্যাপে ক্রেডিট কার্ডের নম্বর এবং সিভিভি নম্বর দেখা যাচ্ছে। শুধু তাই নয়, কার্ডের পূর্ণাঙ্গ তথ্যও লক্ষ্য করা যাচ্ছে। যাতে অন্য কোনও ব্যক্তির পেমেন্ট অ্যাপে পৌঁছনো সম্ভব। সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে ক্ষোভও উগরে দিয়েছিলেন অনেক গ্রাহক। এক গ্রাহক অভিযোগ করেছিলেন, ওটিপি ব্যবস্থা থাকা সত্ত্বেও অতি সহজেই ক্রেডিট কার্ডে আন্তর্জাতিক লেনদেনও করা যাচ্ছে।

## ভোটার কার্ড থাকা সত্ত্বেও

# গণতন্ত্রের উৎসবে সামিল হতে পারলেন না ৪৪ জন



**বালুরঘাট: নিউজ সারাদিন :** গত পঞ্চায়েত ভোটে দিয়েছিলেন ভোট, কিন্তু এবার ভোট দিতে এসে জানতে পারলেন ভোটার লিস্টে নাম ডিলিট হয়ে গেছে। সকালে ভোট শুরু হওয়ার পরে থেকেই হরিরামপুর বিধানসভা এলাকায় বিবেকানন্দ স্কুলে ৯৩ নং বুথে এই রকম ঘটনার সম্মুখীন হন ৪৪ জন ভোটার। এর ফলে ঘটনাস্থলে সৃষ্টি হয় ব্যাপক চাঞ্চল্য। ভোট না দিতে পারায় সংবাদ মাধ্যমের কাছে ক্ষোভ প্রকাশ করেন এই ৪৪ জন। যদিও এ বিষয়ে হরিরামপুরের বিডিও জানান," তার কাছে এই বিষয়ে কোন অভিযোগ জমা পরেনি। বিজেপি অভিযোগ করে এই ভোটারদের মধ্যে বেশি সংখ্যক ভোটার তাদের সমর্থক। এই বিষয়ে সুকান্ত মজুমদার জানান, " হরিরামপুর বিডিও অফিস থেকে এই কারসাজি করেছে তৃণমূল।" যদিও এই অভিযোগকে নস্যাৎ করে জেলা তৃণমূল সভাপতি সুভাষ ভাওয়াল জানান," আমরা প্রথম এই বিষয়টি নিয়ে নির্বাচন কমিশন কে জানিয়েছি, সকাল থেকেই আমাদের শান্ত প্রিয় জেলা দক্ষিণ দিনাজপুরে অশান্তি করার চেষ্টা চালাচ্ছে বিজেপি, আমি দক্ষিণ দিনাজপুর জেলাবাসিদের ধন্যবাদ জানাচ্ছি এত নির্বিঘ্নে ভোট দেওয়ার জন্য। এই ৪৪ জন ভোটার গণতন্ত্রের এই মহা উৎসবে শামিল না হতে পারার দায়ভার আসলে কার? এ প্রশ্ন উঠে আসছে রাজনৈতিক মহল থেকে।

## চোপরায় নিষ্ক্রিয় কেন্দ্রীয় বাহিনী!

# অভিযোগ তুললেন খোদ বিজেপি সাংসদ রাজু বিস্তা




**শিলিগুড়ি: নিউজ সারাদিন :** চোপরায় নিষ্ক্রিয় কেন্দ্রীয় বাহিনী! অভিযোগ তুললেন খোদ বিজেপি সাংসদ রাজু বিস্তা। প্রয়োজনে কেন্দ্রীয় বাহিনীকে বন্দুক বয়বহারের প্ররোচনা দেওয়ার অভিযোগ উঠল তাঁর বিরুদ্ধে। বিজেপি সাংসদের এহেন মন্তব্যের তীব্র নিন্দা করেছেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব।তাঁর এহেন মন্তব্য ঘিরে বিতর্ক দানা বেঁধেছে। বিজেপি প্রার্থীর এহেন মন্তব্য শীতলকুচির কথা মনে করিয়ে দিচ্ছে বলে মত রাজনীতিকদের একাংশের। বিস্তার মন্তব্যের সমালোচনা করে তৃণমূল নেতা তথা শিলিগুড়ির মেয়র গৌতম দেব বলেন, "ওদের সাসংদ বন্দুক ব্যবহার করতে বলছে। মানুষের রক্তের উপর দিয়ে ভোট করতে চাইছে। আমরা শান্তিপূর্ণ ভোট চাই।"

এদিকে বিজেপি সাংসদকে ঘিরে বিক্ষোভ দেখায় তৃণমূলকর্মীরা। তাঁর বিরুদ্ধে বুথে ঢোকার অভিযোগ। সকালে বালুরঘাটে সুকান্ত মজুমদারকে ঘিরেও বিক্ষোভ দেখিয়েছিল তৃণমূল কর্মীরা। গো ব্যাক স্লোগানও দিয়েছিলেন তাঁরা। পালটা তাঁদের হুমকি দেওয়ার অভিযোগ ওঠে রাজ্য বিজেপি সভাপতির বিরুদ্ধে। সবমিলিয়ে বিক্ষিপ্ত বিক্ষোভ ছাড়া দ্বিতীয় দফার ভোট আপাতত শান্তিপূর্ণ। ভোটের দিন দার্জিলিং লোকসভা কেন্দ্রের সমতলের ভোটকেন্দ্রগুলিতে সকাল থেকেই টহল দিচ্ছেন বিজেপি সাংসদ।

তাঁর অভিযোগ, চোপরায় একাধিক বুথে গোলমাল হচ্ছে। তৃণমূলের আশ্রিত দুষ্কৃতীরা আগ্নেয়াস্ত্র উঁচিয়ে ঘুরে বেরাচ্ছে। একাধিক বুথে বিজেপি এজেন্টদের বসতে দেওয়া হচ্ছে না। এমনকী, কেন্দ্রীয় বাহিনীকেও ভয় দেখানো হচ্ছে। তাদের বুথ ছাড়া করা হয়েছে। এ প্রেক্ষিতেই তার দাবি, "সিআরপিএফ জওয়ানকে ভাগিয়ে দিয়েছে। ওদের জিজ্ঞেস করব, আপনাদের বন্দুকগুলো কখন কাজে আসবে?" পাশাপাশি কমিশনকে আরও দ্রুত পদক্ষেপের কথা বলেছেন তিনি। একইসঙ্গে পুনর্নির্বাচনের দাবিও জানিয়েছেন বিস্তা।

তাঁর এহেন মন্তব্য ঘিরে বিতর্ক

এরপর ৩ পাতায়







# খাঁচাবন্দি হল চিতাবাঘ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খাঁচাবন্দি হল চিতাবাঘ। ঘটনাটি ঘটেছে মালবাজার মহকুমার ক্রান্তি ব্লকের দক্ষিণ হাঁসখালি মৌজায়। স্থানীয় বাসিন্দা আব্দুল গফুর, সোহেল রানা জানিয়েছেন, কয়েকদিন ধরে চা-বাগান সংলগ্ন এই এলাকায় প্রতিনিয়ত ছাগল-গরু আক্রমণ করছিল চিতাবাঘটি, এদের ধরে নিয়েও যাচ্ছিল।ভোটাররা যাতে এই সব এলাকায় নির্বিঘ্নে ভোট দিতে পারেন সেজন্য বন দফতরের পক্ষ থেকে এই সব বুথের চারপাশে মোতায়েন করা হয়েছে বনকর্মীদের। জানা গিয়েছে, ভোর ছটা থেকে সন্ধ্যা ছটা পর্যন্ত এলাকায় পাহারা দেবেন বন দফতরের কর্মীরা। হাতির দল যাতে কোনও মতেই ভোটকেন্দ্রে চলে আসতে না পারে, সেদিকে সারাদিন ধরে সতর্ক নজর রেখে চলেছে বন দফতর। বন দফতরের এই উদ্যোগে খুশি এলাকার মানুষ থেকে ভোটাররা। তাই সকাল থেকেই নিরুদ্বেগে ভোট দিচ্ছেন মেচ বস্তির মানুষজন।স্থানীয় বাসিন্দাদের উদ্যোগে কাঠামবাড়ি আপালচাঁদ রেঞ্জ অফিসের সঙ্গে যোগাযোগ করলে তারা বাঘধরার খাঁচার ব্যবস্থা করে দেয়।শেষমেষ চারদিন পরে চিতাবাঘটি আজ, শুক্রবার সকালে খাঁচাবন্দি হল। এদিকে খাঁচাবন্দি বাঘটিকে দেখার জন্য এলাকায় প্রচুর ভিড় জমে যায়। কয়েকদিন ধরে এখানে যে আতঙ্কের পরিবেশ ছিল এবার তা থেকে সাময়িক স্বস্তি মিলল বলে জানিয়েছেন এলাকাবাসীরা। প্রসঙ্গত, এটি একটি প্রজেক্ট চা-বাগান। উত্তরবঙ্গের বহু জায়গায় হাতির আশঙ্কা আছে। কী পরীক্ষার সময়ে, কী ভোটের সময়ে হাতির হাত থেকে নিস্তার নেই। এবারের নির্বাচনী ব্যবস্থার কাজের তালিকায় তাই হাতি ঠেকোনার কথাটাও মাথায় রাখা হয়েছে। সেই হিসেবে যেসব বুথ-অঞ্চলে হাতির আনাগোনা বেশি, সেই সব বুথে বন দফতরের পক্ষ থেকে কর্মীরা মোতায়েন রয়েছেন। যেমন ছিলেন প্রথম দফার ভোটেও। আজ এই ছবি দেখা গেল কালিম্পং জেলার মংপং বনবস্তি এলাকায়। মংপং বনবস্তির যে প্রাথমিক স্কুলে ভোট হচ্ছে, তার আশেপাশেই রয়েছে মংপং জঙ্গল। এই জঙ্গল থেকে হামেশাই হাতির দল বেরিয়ে চলে আসে এই এলাকায়, এমনকি স্কুলপ্রাঙ্গণেও! এরকম ছবিই দেখা গিয়েছিল মালবাজার মহকুমার ক্রান্তি ব্লকের মেচ বস্তি এলাকায়। মেচ বস্তির যে প্রাথমিক স্কুলে ভোট হচ্ছিল, তার আশেপাশেই তারঘেরা জঙ্গল। এই জঙ্গল থেকে হামেশাই হাতির দল চলে আসে মেচ বস্তি এলাকায় এবং স্থানীয় স্কুলপ্রাঙ্গণ এলাকাতেও।

আজ দ্বিতীয় দফার ভোট হচ্ছে রাজ্যের তিন এলাকায়। সব জায়গায় ভোট যাতে শান্তিপূর্ণভাবে হয়, সে ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। বিভিন্ন বুথে যেমন মোতায়েন করা হয়েছে কেন্দ্র বাহিনী, তেমনই রয়েছে পুলিসও। সেই কাজেরই অংশ হিসেবে এবার হাতির উপদ্রবপ্রবণ এলাকায় বাড়তি নজরদারি করছে প্রশাসন।

## ওয়ার্ল্ড এনার্জি কংগ্রেস ২০২৪:
## পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে প্রযুক্তিগত উদ্ভাবনার প্রশ্নে বিনিয়োগের ওপর জোর দিলেন আইআরইডিএ-র সিএমডি

**নতুন দিল্লি ২৬ এপ্রিল ২০২৪: নিউজ সারাদিন :** নেদারল্যান্ডস-এর রট্যারড্যামে ২৬ তম ওয়ার্ল্ড এনার্জি কংগ্রেসে "দ্য নিউ ইন্টারডিপেনডেন্সিস: ট্রাস্ট, সিকিউরিটি অ্যান্ড ক্লাইমেট রিজিলিয়েন্স" শীর্ষক আলোচনাচক্রে যোগ দিলেন ভারতীয় পুনর্নবীকরণযোগ্য শক্তি বিকাশ সংস্থা বা ইন্ডিয়ান রিনিউয়েবল এনার্জি ডেভলপমেনট এজেন্সি লিমিটেড(আইআরইডিএ)-এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর শ্রী প্রদীপ কুমার দাস। আলোচনায় আইআরইডিএ-র সিএমডি জ্বালানী ও শক্তি ব্যবহারে পরিবর্তনের প্রশ্নে ভারতের প্রচেষ্টা এবং সেক্ষেত্রে আইআরইডিএ-র গুরুত্বপূর্ণ ভূমিকার প্রসঙ্গ তুলে ধরেন। ২০২৩ নাগাদ অ-জীবাশ্ম জ্বালানীর উৎস থেকে ৫০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের যে লক্ষ্যমাত্রা ভারত রেখেছে, তা জলবায়ু পরিবর্তনের প্রশ্নে সারা বিশ্বের উদ্যোগকে জোরদার করবে বলে তিনি মনে করেন। ২০৭০ নাগাদ নিট নির্গমন শূন্যে নিয়ে যাওয়ায় ভারতের দায়বদ্ধতার কথাও বলেন তিনি। পরিবেশবান্ধব জ্বালানী ব্যবহারের প্রসারে অর্থসংস্থানের ক্ষেত্রে আইআরইডিএ হল ভারতের সবচেয়ে বড় নন-ব্যাঙ্কিং ঋণদানকারী সংস্থা। সংস্থাটির সিএমডি পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রে বেসরকারি সংস্থাগুলির আরও যোগদানের প্রয়োজনীয়তা তুলে ধরেন। আলোচনাচক্রে, বর্তমান বিশ্বে জ্বালানীর সংকট নিয়েও মতবিনিময় হয়। আইআরইডিএ-র সিএমডি এক্ষেত্রে পরিকাঠামোগত প্রসার এবং আঞ্চলিক বাজারগুলির সঙ্গে সমন্বয়ের কথা বলেন। সম্পদ ব্যবস্থাপনা কাঠামোর(অ্যাসেট আন্ডার ম্যানেজমেন্ট) আওতায় পেনশন/বীমা তহবিলের ৪% থেকে ৫% অর্থ পুনর্নবীকরণযোগ্য শক্তি বন্ডে বিনিয়োগের প্রস্তাব দেন তিনি। ২৪ এপ্রিল এই আলোচনাচক্রে যোগ দেন বিভিন্ন দেশের বিদ্যুৎ ও শক্তি সংস্থার শীর্ষ পদাধিকারীরা।

১-ম পাতার পর

## গঙ্গারামপুরে ভোট পরিদর্শনে গিয়ে গো-বেক স্লোগানের সম্মুখীন সুকান্ত

পৌরপিতা প্রশান্ত মিত্রের ওয়ার্ড বলে জানা যায়। যদিও বিজেপির পোলিং এজেন্টকে বের করে দেওয়ার মত কোন ঘটনা ঘটেনি বলে জানান প্রিসাইডিং অফিসার। প্রসঙ্গত বিজেপির পোলিং এজেন্টকে বের করে দেওয়ার খবর পেয়ে যখন সুকান্ত মজুমদার ৮ নং ওয়ার্ডে এসে পৌঁছান, তখন তৃণমূল কর্মী সমর্থকরা ঘিরে ধরে তাকে গো ব্যাক স্লোগান দেন। এই প্রসঙ্গে এক তৃণমূল কর্মী জানান, "আমাদের এই ৮ নম্বর ওয়ার্ডটি শান্তিপূর্ণ ওয়ার্ড।এখানে শান্তিপূর্ণভাবে ভোট চলছিল , কিন্তু এখানে সুকান্ত বাবু গুন্ডাবাহিনী নিয়ে এসে ঝামেলা সৃষ্টির চেষ্টা করছে। তবে এই বিষয়ে সুকান্ত জানান, " ভোট শুরু হওয়ার সঙ্গে সঙ্গে এই বুথ থেকে আমাদের পোলিং এজেন্টকে বের করে দেওয়া হয় এবং তাকে শারীরিক নিগ্রহ করা হয়। এই খবর পেয়ে আমি এখানে ছুটে আসি। তৃণমূল গোটা জেলা জুড়ে এই ধরনের গন্ডগোল সৃষ্টি করার চেষ্টা করছে সকাল থেকে। তবে এ বিষয়ে তৃণমূল জেলা সভাপতি সুভাষ ভাওয়াল জানান," সুকান্ত বাবু বুঝতে পেরেছেন এবার তিনি হেরে যাবেন, তাই এই প্রকার মিথ্যা অভিযোগ করছেন।" নির্বাচন কমিশনের খবর অনুসারে বিকেল ৩ টা পর্যন্ত জেলায় ৫৯.৯৩% ভোট পড়েছে।

১-ম পাতার পর

## সন্দেশখালিতে এনআইএ কি সময়ের অপেক্ষা?

রিমোটচালিত রোবট ব্যবহার করছে তল্লাশির জন্য। মাইন ডিটেক্টর নিয়ে তল্লাশি চালাচ্ছে এনএসজি। স্বভাবতই এমন বিপুল অস্ত্রসম্ভার কোনও গ্রামে মজুত থাকা মানে সার্বিকভাবে নিরাপত্তা নিয়ে প্রশ্ন ওঠে। তাই এনআইএর সম্ভাবনার কথাও উঠে আসছে।তার মধ্যে রয়েছে বিদেশি অস্ত্রও। সেখান থেকে জাতীয় নিরাপত্তার বিষয় উঠে আসছে। তাই এই ক্ষেত্রে এনআইএ তদন্ত শুরু হওয়া সময়ের অপেক্ষা বলেই মনে করছেন অনেকে।
সন্দেশখালির 'বেতাজ বাদশা' শেখ শাহজাহানের ঘনিষ্ঠ হাফিজুল খায়ের আত্মীয় আবু তালেব মোল্লা। সন্দেশখালির সরবেড়িয়ায় তিনদিক ঘেরা ভেড়ির মাঝে পাকাবাড়ি আবু তালেব মোল্লার। সেই বাড়িতেই এদিন বিপুল অস্ত্রের খোঁজ মেলে বলে খবর।

১-ম পাতার পর

## ভোটে মনোনীত প্রার্থীদের তুলনায় বেশি ভোট পেয়েছে নোটা, এক্ষেত্রে কি নির্বাচন বাতিল বলে গণ্য করা উচিত? জানতে চাইছে শীর্ষ আদালত

নোটার চেয়েও কম ভোট পাচ্ছেন, তাঁদের পরবর্তী পাঁচ বছরের জন্য নির্বাচন প্রক্রিয়া থেকে নির্বাসিত করা উচিত।
এই মামলায় সওয়াল করতে গিয়ে মামলাকারীর আইনজীবী গোপাল শঙ্করনারায়ন সুরাটের নির্বাচনের প্রসঙ্গ তোলেন। তিনি বলেন, সদ্যই সুরাটে বিজেপি প্রার্থীর কোনও প্রতিপক্ষ না থাকায় ভোট বাতিল হয়েছে। কিন্তু এই ধরনের পরিস্থিতিতে ভোট বাতিল করা উচিত নয়। বরং ভোট করানো উচিত। একমাত্র যে প্রার্থী ভোট ময়দানে আছেন, তিনি নোটার চেয়ে বেশি ভোট পাচ্ছেন কিনা, সেটাও দেখা উচিত। মামলাকারীদের এই দাবি খতিয়ে দেখেছে সুপ্রিম কোর্ট। তবে কোনও সিদ্ধান্ত নেওয়ার আগে নির্বাচন কমিশনের মত জানতে চায় শীর্ষ আদালত। সেকারণেই কমিশনকে লুনোটিস পাঠানো হয়েছে।

১-ম পাতার পর

## বিজেপি কর্মী খুনের অভিযোগ সহ দ্বিতীয় দফা ভোট সম্পূর্ণ হলো

ঘাটে ত্রিমুখী লড়াই দেখা গেছে। নিজ নির্বাচনী কেন্দ্রে ভোট দেওয়ার পর বালুরঘাটের তপনে যান বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদার। সেখানে তিনি পৌঁছাতেই রাজনৈতিক উত্তেজনা শুরু হয়। বিজেপি মহিলা এজেন্ট ও বিজেপির যুব মোর্চার সাধারণ সম্পাদক জ্যোতিষ বর্মন কে মারধরের অভিযোগ ও অশ্লীল শব্দ প্রয়োগের অভিযোগ তুলেছেন সুকান্ত মজুমদার। প্রসঙ্গত বলতে হয়, ঘটনার খবর পেয়ে তিনি যখন ঘটনাস্থলে যান তখন নির্বাচনী কেন্দ্রের ১০০ কিলোমিটারের মধ্যে তাকে ঘিরে গো ব্ল্যাক শ্লোগান দেয় তৃণমূল কর্মীরা। স্লোগানের পাল্টা স্লোগানে উত্তেজনা ছড়িয়ে পড়ে বালুরঘাটের তপনে। পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ আনে বিজেপি প্রার্থী। তিনি দাবি করেন আইসি তৃণমূলের হয়ে কাজ করছে। বিজেপি প্রার্থীর সুকান্ত মজুমদার আরও বলেন শুধু তপনে নয়, গঙ্গারামপুর, ইটাহারে বিজেপির এজেন্ট সমর্থকদের বাধা দেওয়া ও ভয় দেখানো হচ্ছে। সুকান্ত কে ঘিরে ধরার অভিযোগে জেলা নির্বাচনী আধিকারিক এর কাছে অ্যাকশন টেকেন এর রিপোর্ট চেয়েছেন নির্বাচন কমিশন।
সুকান্তর পর বিক্ষোভের সম্মুখীন হয় দার্জিলিংয়ের বিজেপি প্রার্থী রাজু বিস্তা। শিলিগুড়ি তে গিয়ে বিক্ষোভের মুখে পড়েন তিনি। এমনকি কংগ্রেসের নির্বাচনী কার্যালয়ে বসার অভিযোগে তৃণমূল কর্মীকে আরেক তৃণমূল নেতা মারধর করে। এই অভিযোগ এনেছে স্বয়ং ওই তৃণমূল কর্মী। বালুরঘাটের গঙ্গারামপুর এ ভোট নোট থেকে শুরু করে বালুরঘাটের ১৩৯ নম্বর বুথে সিসিটিভি ফুটেজ দেখায় সমস্যা, পাশাপাশি বালুরঘাটের হরিরামপুরে ভোটারদের ভোটদানে বাধার অভিযোগ। এসব ঘটনা খতিয়ে দেখার পর আমরা কি আদৌ বলতে পারি নির্বাচনী বিধি নিয়ম মেনে ভোট সম্পন্ন হয়েছে? শান্তিপূর্ণ ভোটদান ও নির্ভয়ে ভোটের আশা কি আমরা রাখতে পারি না? এই প্রশ্নগুলি আমাদের সকলের....

## গলা জলে ডুবে বসে এক বিদেশী যুবক

**হুগলি: নিউজ সারাদিন :** গলা জলে ডুবে বসে এক বিদেশী যুবক। প্রাথমিকভাবে মনে হয়েছিল গরমের জ্বালায় পুকুরে গা ডুবিয়েছেন। ভিড় হয়ে যায় নিমেষে। তারপরেই জানা গেল ব্যান্ডেলের নেশা মুক্তি কেন্দ্র থেকে পালিয়ে এসেছেন ইউক্রেনের নাগরিক ওই যুবক।পুলিশ এসে ওই যুবককে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যায়। পরে সেখান থেকে আবার তাঁকে নেশা মুক্তি কেন্দ্রে ফেরত নিয়ে যান কর্মীরা। ওই নেশামুক্তি কেন্দ্রের বিরুদ্ধে আগেও নানা অভিযোগ উঠেছে। তবে ওই নেশা মুক্তি কেন্দ্রের এক কর্মচারী রনি মুখোপাধ্যায় জানান, ইউক্রেনের যুবকের মানসিক সমস্যা আছে বলে তাঁকে তাদের কেন্দ্রে ভর্তি করা হয়। তাঁর চিকিৎসা চলছে।আজ দরজা খোলা থাকার সুযোগে সবার অলক্ষ্যে বেরিয়ে পড়েন। অনেক খোঁজাখুঁজির পর তাঁকে পাওয়া যায়।খবর পেয়ে পুলিশ আসে। চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয় ওই যুবককে।
ব্যান্ডেলের নেশামুক্তি কেন্দ্রের কর্মীরা জানিয়েছেন, সপ্তাহ দুয়েক আগে ভর্তি করা হয় ইউক্রেনের যুবক মাইকোলা দিমিত্রভিচকে। নদিয়ার মায়াপুরের ইস্কন কর্তৃপক্ষ নেশামুক্তির জন্য তাঁকে রেখে যায়। বৃহস্পতিবার দুপুরে গেট খোলা ছিল। তখনই বেরিয়ে পড়েন তিনি। জানাজানি হতেই নেশা মুক্তি কেন্দ্রের তরফ থেকে খোঁজ শুরু হয় ওই যুবকের। এদিকে কৈলাশনগরের বাসিন্দারা দেখতে পান মেরিপার্কের পুকুরে গা ডুবিয়ে বসে আছেন এক বিদেশি যুবক।এলাকার মানুষ বারবার তাঁকে জল থেকে উঠে আসতে বলেন। বাংলা ভাষা বুঝতে অসুবিধা হওয়ায় ডেকে আনা হয় স্থানীয় বাসিন্দা শিবাজী মিত্রকে। তিনি ইংরেজিতে কথা বলে জানতে পারেন নেশা মুক্তি কেন্দ্রে চিকিৎসা নিয়ে ওই যুবকের নানান অভিযোগ রয়েছে। তাই পালিয়ে এসেছেন তিনি। পুলিশকেও খবর দিতে বলেন। পরে শিবাজীবাবু বলেন, "ওই নেশামুক্তি কেন্দ্রের চিকিৎসা পদ্ধতি নিয়ে বিদেশি যুবকের নানা অভিযোগ রয়েছে। তাঁর উপর অতয়াচার হচ্ছে বলেও জানান তিনি। স্বাস্থ্য দফতরের বিষয়টি দেখা উচিত।"

২ পাতার পর

## চোপরায় নিষ্ক্রিয় কেন্দ্রীয় বাহিনী! অভিযোগ তুললেন খোদ বিজেপি সাংসদ রাজু বিস্তা

দানা বেঁধেছে। বিজেপি প্রার্থীর এহেন মন্তব্য শীতলকুচির কথা মনে করিয়ে দিচ্ছে বলে মত রাজনীতিকদের একাংশের। বিস্তার মন্তব্যের সমালোচনা করে তৃণমূল নেতা তথা শিলিগুড়ির মেয়র গৌতম দেব বলেন, "ওদের সাসংদ বন্দুক ব্যবহার করতে বলছে। মানুষের রক্তের উপর দিয়ে ভোট করতে চাইছে। আমরা শান্তিপূর্ণ ভোট চাই।"

## ভারত ও ইতালির মধ্যে কৌশলগত অংশীদারিত্ব মজবুত করতে সম্মত দুই নেতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।
ইতালির ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী, ইতালির প্রধানমন্ত্রী মেলোনিকে ও সে দেশের জনগণকে তাঁর পক্ষ থেকে শুভেচ্ছা জানান। শ্রী মোদী ২০২৪-এর জুন মাসে ইতালির পুগলিয়ায় আয়োজিত জি-৭ শিখর সম্মেলনে তাঁকে আমন্ত্রণ জানানোয় প্রধানমন্ত্রী মেলোনিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উভয় নেতা ভারতের পৌরোহিত্যে জি-২০ শিখর সম্মেলনে গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নে সম্মত হন, বিশেষ করে দক্ষিণ বিশ্বকে সহায়তার বিষয়টিতে জোর দেওয়া হয়। ইতালির পৌরোহিত্যে জি-৭ শিখর সম্মেলনে এই বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।
ভারত ও ইতালির প্রধানমন্ত্রীরা দুই দেশের দ্বিপাক্ষিক ও কৌশলগত অংশীদারিত্ব আরও মজবুত করার বিষয়ে সম্মত হন।
উভয় নেতা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

## সন্দেশখালিকাণ্ডে কেন সিবিআই তদন্ত?
## কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে যখন সুপ্রিম কোর্টের দ্বারস্থ রাজ্য সরকার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালিকাণ্ডে কেন সিবিআই তদন্ত? কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে যখন সুপ্রিম কোর্টের দ্বারস্থ রাজ্য সরকার, তখন মুখ্যমন্ত্রীর পদতয়াগের দাবি তুললেন শুভেন্দু অধিকারী। বিরোধী দলনেতার মতে, 'শাহাজাহানের মতো সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়ার পর মমতা বন্দেয়াপাধ্যায়ের আর মুখ্যমন্ত্রী থাকার নৈতিক অধিকার নেই'।শেখ শাহাজাহান এখন ইডির হেফাজতে। হামলার ঘটনা ইডি আধিকারিকদের কাছে ক্ষমা চেয়েছেন তিনি। তবে হামলার ঘটনা সম্পর্কে তিনি কিছুই জানতেন না, জেরায় তদন্তকারী অফিসারের কাছে তেমনই দাবি করেছেন শেখ শাহজাহান।৩ মাস পর। রেশন দুর্নীতিকাণ্ডে এই সন্দেশখালিতেই তৃণমূল নেতা শেখ শাহাজাহানের বাড়িতে তল্লাশি চালাতে গিয়েছিলেন ইডি আধিকারিকেরা। কিন্তু বাড়ি তখন তালাবন্ধ ছিল। অনেকক্ষণ ডাকাডাকির পরেও কারও সাড়াশব্দ পাওয়া যায়নি। এরপর তালা ভাঙা চেষ্টা করেন ইডি-র আধিকারিকরা, তখন আচমকাই শুরু হয় বিক্ষোভ। ইডি আধিকারিকদের লক্ষ্য করে ইটবৃষ্টি করেন বিক্ষোভকারীরা। কবে? এবছরের ৫ জানুয়ারি। হাইকোর্টের নির্দেশে এখন সন্দেশখালিকাণ্ডের তদন্ত করছে সিবিআই। সঙ্গে ইডিও।
এদিকে লোকসভা ভোটের মাঝেই অস্ত্র-ভান্ডারের হদিশ মিলেছে। আজ, শুক্রবার গোপন সূত্রে খবর পেয়ে আগারহাটি মল্লিকপাড়া এলাকার বাসিন্দা আবু তালেবের বাড়িতে তল্লাশি চালায় সিবিআই। সম্পর্কে এই সম্পর্কে স্থানীয় তৃণমূল পঞ্চায়েত সদস্যের আত্মীয় তিনি। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার সূত্রে খবর, তাঁর বাড়িতে মাটি খুঁড়ে পাওয়া দিয়েছে, বিদেশি আগ্নেয়াস্ত্র, গুলি, এমনকী বোমাও!

## রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে 'পদ্মশ্রী' পুরস্কার গ্রহণ করলেন মাথাভাঙার মেয়ে গীতা রায় বর্মণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাত থেকে 'পদ্মশ্রী' পুরস্কার গ্রহণ করলেন মাথাভাঙার মেয়ে গীতা রায় বর্মণ। সোমবার সন্ধ্যায়, নয়াদিল্লিতে। উত্তরবঙ্গের 'মাটির গান' ভাওয়াইয়া। সেই গানে অসামান্য অবদানের জন্য তাঁকে এই সম্মানে ভূষিত করল ভারত সরকার। গীতাদেবী বলেন, "কোচবিহারের এক জন রাজবংশী ঘরের মেয়ে হিসেবে এই পুরস্কার আমার কাছে ভীষণ গর্বের। মাটির গান তো ভালবাসা থেকে গাওয়া হয়। এ জন্য আলাদা করে কোনও প্রচার তো হয় না। টিভিতে জনপ্রিয় গানের অনুষ্ঠানেও এই ধরনের গান কম গাওয়ার প্রবণতা লক্ষ্য করি।" তিনি আরও বলেন, "ভাওয়াইয়া

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১১৪ সংখ্যা ২৭ এপ্রিল, ২০২৪ শনিবার ১৪ বৈশাখ, ১৪৩১

# বৈদেশিক মুদ্রা-সহ

## দুই বাংলাদেশি যাত্রীকে আটক করেছে বিএসএফ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মৈত্রী এক্সপ্রেসে প্রচুর আমেরিকান ডলার এবং অন্যান্য বৈদেশিক মুদ্রা-সহ দুই বাংলাদেশি যাত্রীকে আটক করেছে বিএসএফ। গোপন সূত্রে খবর পেয়ে বুধবার গেদে স্টেশনে তল্লাশি চালিয়ে তাদের ধরা হয়। বাজেয়াপ্ত হওয়া বৈদেশিক মুদ্রার মূল্য প্রায় ৮১ লক্ষ ৯২ হাজার ৮৫৪ টাকা।এর আগেও একাধিক বার ঢাকাগামী মৈত্রী এক্সপ্রেসে পাচার হওয়া মদ এমনকি কামরার নীচে লুকিয়ে সীমান্ত পার করার চেষ্টায় থাকা যুবকও ধরা পড়েছে। রেলপুলিশ সূত্রের খবর, মৈত্রী এক্সপ্রেস সকাল ৯টা ৫ মিনিট নাগাদ গেদে স্টেশনে ঢুকলে জওয়ানেরা ট্রেনটি ঘিরে ফেলে এবং সন্দেহভাজন দু'জনকে শনাক্ত করে। উভয়কে আটক করে তল্লাশি চালানো হয়। বিএসএফের জিজ্ঞাসাবাদের সময়ে ধৃতেরা দাবি করেছে, ওই মুদ্রা বাংলাদেশে পাচার করতে পারলে তাদের ১০ হাজার টাকা করে পাওয়ার কথা। কলকাতার মুকুন্দপুর থেকে সুবলচন্দ্র শীল নামে এক জন তাদের ওই মুদ্রা পাচার করতে দিয়েছিল। বিএসএফের দক্ষিণবঙ্গ সীমান্তের জনসংযোগ আধিকারিক ডিআইজি এ কে আর্য বলেন, 'সীমান্তে চোরাচালান বন্ধ করতে কঠোর নজরদারি
চালানো হচ্ছে।'বিএসএফ সূত্রে জানা গিয়েছে, তাদের গোয়েন্দা বিভাগের দেওয়া তথ্যের ভিত্তিতে গেদে স্টেশনে ট্রেনটি দাঁড়িয়ে থাকার সময়ে তল্লাশি চালান ৩২ নম্বর ব্যাটালিয়নের জওয়ানেরা। তখনই দুজনের কাছ থেকে ৯৩ হাজার আমেরিকান ডলার, ৭০০ অস্ট্রেলিয়ান ডলার, ১৮৯০ ইউরো, ২০০ নিউজিল্যান্ড ডলার, ২৫০০ ইউএই দিরহাম, ৭৯০০ সৌদি রিয়াল এবং ৫২ হাজার ১১২ বাংলাদেশি টাকা উদ্ধার হয়।

ধৃতেরা হল বাংলাদেশের মানিকগঞ্জের গোপালপুর এলাকার বাসিন্দা শঙ্করকুমার দত্ত এবং চাঁদপুরের বাসিন্দা ওয়ালিদ মেহেদি রাশাল। তারা মিক্সার গ্রাইন্ডারে লুকিয়ে ওই বিপুল পরিমাণ টাকা ভারত থেকে বাংলাদেশে পাচারের চেষ্টা করছিল।

# সম্পাদকীয়

## লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় সারা দেশে শোরগোল ফেলে দিল সন্দেশখালিতে

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় সারা দেশে শোরগোল ফেলে দিল সন্দেশখালিতে। না, সেখানে আজ ভোট নেই। কিন্তু নামাতে হলো ন্যাশনাল সিকিউরিটি গার্ডকে।নো ডিউ সার্টিফিকেট না থাকায় বীরভূমে বিজেপি প্রার্থী দেবাশিস ধরের মনোনয়ন বাতিল হয়েছে। তিনি কলকাতা হাইকোর্টে যান। কিন্তু বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য দেবাশিসের আবেদন গ্রহণ করেননি। বলেন, তিনি দুঃখিত।এই মামলায় হস্তক্ষেপ করবেন না।

শুভেন্দু বলেন, এটা রাজনৈতিকভাবে পিসি-ভাইপো করেছে। ২ দিন আগে আমি জানতে পারি। তৃণমূলের ভেতরেই আমার লোক আছে। সে কারণেই দেবতনু ভট্টাচার্যের মনোনয়ন জমা করানো হয়। সব আসনেই প্রার্থী নরেন্দ্র মোদী, প্রতীক পদ্মফুল। ফলে ব্যক্তি ফ্যাক্টর হবে না।কুড়মি সম্প্রদায় বিজেপির ভোট ভাগ করার চেষ্টা করছে বলে ফের সরব হন শুভেন্দু। তিনি বলেন, কুড়মিদের দাবিদাওয়া সংক্রান্ত রিপোর্ট মমতা বন্দ্যোপাধ্যায় বছরের পর বছর কেন্দ্রের কাছে পাঠাননি। ওঁর কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর ভাইপো বলে গিয়েছেন, কুড়মিরা তৃণমূলকে ভোট দেন না। ওঁদের ভোট চাই না। কিন্তু বিজেপির দরকার। তাই অজিত ও অনুপ মাহাত বিজেপির ভোট ভাগের চেষ্টা করছেন।আদিবাসী কুড়মি সমাজের প্রার্থী বলেছেন, বাংলার মুখ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রী দেখতে চান। শুভেন্দুর কটাক্ষ, ৪৫ আসনে লড়ে প্রধানমন্ত্রী। বিষয়টি পুকুরে ইলিশ মাছ চাষের মতো। শুভেন্দু বলেন, জঙ্গল, জনজাতি, কুড়মিদের জমি কাড়ার অধিকার কারও নেই।শুভেন্দু বলেন, বিজেপি রাজ্যে ক্ষমতায় এলে ৬ মাসের মধ্যে সব জমি ফেরাবে। তৃণমূল জঙ্গল খেয়েছে। সুবর্ণরেখা, কংসাবতীর অস্তিত্ব আছে? প্রকৃতি মাকে ধ্বংস করছে। ৫টি বালিঘাট বৈধ হলে ৫০টাই অবৈধ। এখানকার কিছু লোককে নিয়ে ভাইপো ব্যবসা করছেন আর গরিব মানুষকে শেষ করছেন বলে মন্তব্য শুভেন্দুর।সিবিআই অভিযানে বিপুল আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক উদ্ধার হয়েছে সন্দেশখালি থেকে। বিস্ফোরক উদ্ধারে নামাতে হয় এনএসজির রোবট।এই ঘটনার পিছনে তৃণমূল কংগ্রেসের সঙ্গে পুলিশের একাংশের যোগসাজশ থাকার দাবি করলেন শুভেন্দু অধিকারী।শুভেন্দু বাঁকুড়ায় সভার পর বলেন, পুলিশই অস্ত্র ঢুকিয়েছে। ওখানকার এক পুলিশ আধিকারিক আমিনুল ইসলাম, এসপি মেহেদি হাসানরা সহযোগিতা করেছেন। অধিকাংশ অস্ত্র চিনে তৈরি। বাংলাদেশের সাতক্ষীরা থেকে তা এনেছে শেখ শাহজাহান।শুভেন্দু আরও বলেন, মিনাখাঁয় আয়ুব গাজি, বাসন্তীর রাজা গাজি, জীবনতলায় শওকত মোল্লা, ফলতার জাহাঙ্গির খানের কাছেও এমন অস্ত্র মিলবে। দেশবিরোধী শক্তিদের পৃষ্ঠপোষক ও আশ্রয়দাতা হলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এগুলি দিয়ে ওরা ভোট লুঠ করে। বাইকে গিয়ে অস্ত্র দেখিয়ে মানুষের গণতান্ত্রিক অধিকার, ভোট দেওয়ার অধিকার কাড়ে। পঞ্চায়েতে ১ কোটি ভোটার ভোট দিতে পারেননি।

# আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সেই সময়ে যে সকল বৌদ্ধ দেবদেবীকে নুতন নাম দিয়া হিন্দুসমাজের মধ্যে গ্রহণ করা হইয়াছিল, এই সর্পদেবী তাহাদের অন্যতম। বৌদ্ধ সংস্রবের জন্য তাঁহার জাঙ্গুলী নাম পরিত্যাক্ত হয় এবং তাহার পরিবর্তে মনসা নামকরণ হয়। বাংলার পূর্বোক্ত অর্বাচীন পুরাণগুলি ইহার কিছুকাল মধ্যেই রচিত হয় এবং তাহার মধ্য দিয়া মনসাকে শিবের কন্যারুপে দাবী করিয়া হিন্দু-সমাজের মধ্যে গ্রহণ করা হয়।' **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বৃন্দাবনে শ্রী কৃষ্ণ জীবিত



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



বৃন্দাবনে শ্রী কৃষ্ণ জীবিত আছে? এও আবার সত্যি?অবাক লাগবে শুনে, হ্যাঁ এটাই সত্যি আজও প্রচলিত আছে এই বৃন্দাবনে। প্রতিদিনের মতো রোজ ভোরে মঙ্গল আরতির সময় সেই স্থানে সমস্থ জিনিস ব্যবহৃত অবস্থায় পান মন্দিরের প্রধান পুরোহিত। মন্দিরের মধ্যে ছড়িয়ে থাকে শাড়ি, শৃঙ্গারের দ্রব্য, এলোমেলো অবস্থায় থাকে বিছানা। পান ও লাড্ডু ভোগ অর্ধের অবস্থায় পাওয়া যায়। অনেকে অবশ্য মনে করেন এই ঘটনা কোন মানুষ অথবা জীব করে থাকে। যদিও বা সেই দাবির কোন সত্যতা প্রমান করতে পারেনি নৃতত্ব গবেষকরা। স্থানীয় মানুষ বেঁচে আছে ভগবান শ্রী কৃষ্ণের উপস্থিতির প্রাচীন কথাকে নিয়ে। তাঁরা এখনও দাবি করেন, ওই অঞ্চলে রাতের বেলা সাধু সন্তরা বাঁশীর সুর ও নূপুরের ধ্বনি শুনতে পান। বিজ্ঞান আর বিশ্বাসের দ্বন্ব চলছেই যুগ যুগ ধরে। আর নিধিবন থেকে গেছে পৃথিবীর রহস্যের আঁধারে।তবে বৃন্দাবন অতি প্রাচীন এবং অসাধারন মন্দির বাকেবিহারি মন্দির। চোখ টানবে মন্দিরের ভেতর অদ্ভুত সুন্দর কারুকার্যে ভরা রাধা-কৃষ্ণের মুর্তি। বৃন্দাবনের এই মন্দিরটির ছাড়াও আরেকটি জায়গা রয়েছে যা ভক্তদের কাছে অতি আকর্ষণীয় এবং কৌতূহল ভরা। ওই স্থানটি হল নিধিবন মন্দির। নিধি অর্থে সম্পদ এবং চারপাশ জঙ্গলে ঘেরা বলে বন। সেখান থেকেই এই মন্দিরের নাম নিধিবন। এই মন্দিরেই লুকিয়ে আছে অনেক রহস্য। যা আজও পর্যটকদের সমান ভাবে আকর্ষিত করে।

উল্লেখযোগ্য বিষয় হল, এই জঙ্গলের সব গাছের শাখাই নিম্নমুখী। ভগবান শ্রীকৃষ্ণকে শ্রদ্ধা জানিয়ে গাছের শাখা-প্রশাখা নিচের দিকে মুখ করে রয়েছে বলে মনে করা হয়। যদিও এই মন্দির ও তার আশেপাশের এলাকা অত্যন্ত রুক্ষ, এই সব গাছগুলো সারা বছরে সবুজে ভরে থাকে। কখন এই গাছগুলিতে জলের অভাব দেখা দেয় না। স্থানীয় বাসিন্দা ও মন্দিরের কর্মচারীদের বিশ্বাস এই সব গাছ আসলে বাঁকেবিহারীর লীলাখেলার সঙ্গী গোপিনীর দল। রাত নামলেই নাকি বদলে যায় মন্দিরের এলাকা। তাই বিকেলের পরই বন্ধ করে দেওয়া হয় মন্দিরের দরজা।স্বয়ং বাঁকেবিহারী নাকি আজও রায়কিশোরী ও অন্যান্য গোপিনীদের সঙ্গে লীলা খেলা করেন। মন্দিরের চারপাশ ঘিরে রাখা এই গাছগুলোই গোপিনীতে পরিবর্তিত হয় এবং তারা রাসলীলায় অংশ নেন।

মন্দিরের ভিতরে একটি ছোট কুয়ো আছে। মনে করা হয়, রাসলীলার সময় একদিন রাধা তৃষ্ণার্ত হয়ে পড়লে, তাঁর তৃষ্ণা মেটাতে স্বয়ং শ্রীকৃষ্ণ এই কুয়োটি তাঁর বাঁশি দিয়ে খনন করেন।সন্ধ্যা আরতির পরই এই মন্দিরের সমস্ত দরজা-জানালা বন্ধ করে দেওয়া হয়। বাইরে বের করে দেওয়া হয় সমস্ত পর্যটক ও পূণ্যার্থীদের। সকাল পর্যন্ত এখানে যে কোনও কারোর প্রবেশ নিষেধ। এই মহারাসলীলা কাউকে চাক্ষুস করতে দেওয়া হয় না। কয়েকজন অতি-উৎসাহী কখনও সখনও লুকিয়ে সন্ধের পর মনিদরে থেকে গিয়েছিলেন। সকালবেলা তাঁদের হয় মৃত, নয়তো পাগল অবস্থায় উদ্ধার করা হয়। তাই বলা হয় যে এই রকম কোন কাজে কেউ করলে সে মারা যেতে পারে বা বদ্ধ পাগল হয়ে যেতে পারে।

তবে সকলেরই জানা হিন্দু বেদ,পুরাণ,শাস্ত্রে চারটি যুগের কথা বর্ণনা আছে। হিন্দু ধর্মাবলম্বী মানুষেরা বিশ্বাস করেন, পুরাণ কাব্য অনুসারে, প্রতি যুগের অন্তিম পর্যায় ভগবান শ্রী বিষ্ণু তাঁর অবতার নিয়ে ধরাধামে আসেন যুগের অন্ত করে নতুন যুগের সূচনা করতে। ভারতের সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের বিশ্বাস দ্বাপর যুগে অন্ত হয়েছিল ভগবান শ্রী বিষ্ণুর কৃষ্ণ অবতারের আগমনের পর। কিন্তু ভারতের এই সুপ্রাচীন মহাকাব্যের সঙ্গে জরিত বহু ঐতিহাসিক নিদর্শন দেশে ছড়িয়ে ছিটিয়ে থাকলেও আধুনিক বিজ্ঞান,প্রযুক্তির কারণে ঐতিহাসিকদের মধ্যে অনেক মতবিরোধ আছে পুরাণ কাহিনীতে বর্ণিত শ্রী কৃষ্ণের অলৌকিকত্ব নিয়ে। তবে কৃষ্ণ জন্মভূমি বৃন্দাবনকে ঘিরে এখনও অনেক রহস্য ছড়িয়ে আছে যার কোন ঐতিহাসিক ও বৈজ্ঞানিক তাৎপর্য ব্যখ্যা করা সম্ভব হয়নি। বর্তমানে যে মথুরা,বৃন্দাবন নামে প্রসিদ্ধ ধর্মস্থান গড়ে উঠেছে, বলা হয় দ্বাপর যুগের এই শ্রী কৃষ্ণ জন্মভূমির কাছে নিধিবন নামে একটি স্থান আছে। এই সেখানে অবস্থিত রঙমহল নামে একটি হিন্দু ধর্মীয় স্থান। অঞ্চলটি গড়ে উঠেছে হাজার হাজার বছরের পুরনো ১৬০০১০৮ টি তুলসি বৃক্ষ দিয়ে, স্থানীয় ভাষায় এই তুলসি বৃক্ষকে পিলু বৃক্ষ বলা হয়। বৈঞ্জানিক তত্বকে বুড়ো আঙুল দেখিয়ে তুলসি গাছগুলি আলোর বিপরীতে বেড়ে চলেছে। যেন পুণ্যভূমিকে মাটি স্পর্শ করে আছে। এলাকার মানুষের বিশ্বাস, এই স্থানেই শ্রী কৃষ্ণ দ্বাপর যুগে তাঁর গোপী অর্থাৎ গুপ্ত সখীদের নিয়ে রাসলীলা করতেন। আর তাদের বিশ্বাস আসলে এই ১০০১০৮টি তুলসি বৃক্ষ আসলে শ্রী কৃষ্ণের সখী, যারা রাতের বেলা মনুষ্য রূপ ধারণ করেন ভগবানের সাথে রাসে অংশ নিতে। কিন্তু অনেকেই হয়তো জানেন না, পৃথিবীর সাতটি রহস্যময় স্থানগুলির মধ্যে এই স্থানটিও বিশেষ রহস্য বহন করে চলেছে বছরের পর বছর ধরে। এই নিধিবন প্রাচীন হিন্দু পুরণ, মহাকাব্য অনুসারে শ্রী কৃষ্ণ জন্মভূমির কাছে অবস্থিত। এই স্থানে রঙমহল বলে একটি স্থান আছে। যাকে দ্বাপর যুগের রাস মঞ্চ বলা হতো।

লোক কথা অনুসারে, গোপীদের নিয়ে এই রঙমহলেই মধ্যরাতে রাসলীলায় অংশ নিতেন শ্রী কৃষ্ণ। আর অদ্ভুত বিষয় এটাই যে এই অঞ্চলের মানুষ এখনও বিশ্বাস করেন প্রতি রাতে এখানে এখনও শ্রী কৃষ্ণ অসেন তার গোপীদের সাথে প্রেম রাসে

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর

# রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর হাত থেকে 'পদ্মশ্রী' পুরস্কার গ্রহণ করলেন মাথাভাঙার মেয়ে গীতা রায় বর্মণ

গানের জন্য এই পুরস্কার। আমি যেমন উচ্ছ্বসিত, তেমনই ভাওয়াইয়া-প্রেমী অন্যরাও ভীষণ অনুপ্রাণিত হবেন।"এ দিনের পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক-সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।সাধারণতন্ত্র দিবসের আগের রাতে ঘোষণা করা হয়েছিল এ বছরের 'পদ্ম' সম্মান-প্রাপকদের নামের তালিকা। তাতে নাম ছিল গীতা রায় বর্মণেরও।

এ দিন গীতা ছাড়াও পাঁচ জনকে পদ্মবিভূষণ, ১৭ জনকে পদ্মভূষণ ও ১১০ জনকে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত করা হয়। পদ্মশ্রী সম্মান গ্রহণ করার পরে গীতা ফোনে জানান, "আমি খুবই রোমাঞ্চিত, আনন্দিত এবং সম্মানিত বোধ করছি।"মানসাই, সুটুঙ্গা নদী-ঘেরা সংস্কৃতির শহর মাথাভাঙার ১০ নম্বর ওয়ার্ডের বাসিন্দা গীতাদেবী। বছর আটচল্লিশের ওই শিল্পীর জন্ম শীতলখুচি ব্লকের ছোট শালবাড়ি গ্রামের সর্বেশ্বর জয়দুয়ার গ্রামে। রেডিয়ো বাংলাদেশের তিস্তাপাড়ের গান শুনে, বাবা-ঠাকুরদার অনুপ্রেরণায় খুব অল্প বয়স থেকেই ভাওয়াইয়া গানে হাতেখড়ি হয় তাঁর। ২০০০ সালে স্কুলশিক্ষক মনোরঞ্জন বর্মণের সঙ্গে তাঁর বিয়ে হয়। স্বামী, দুই ছেলেকে নিয়ে গীতাদেবীর সংসার। তা সামলেই চালিয়ে গিয়েছেন সঙ্গীতের সাধনা। এত দিন পর্যন্ত তাঁর ঝুলিতে ছিল রাজ্যের সেরা ভাওয়াইয়া শিল্পীর শিরোপা।

# সিনেমার খবর

## সুচিত্রা সেন আইবিএফএফ পুরস্কার পেলেন রাজুব ভৌমিক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নবীন অভিনেতা রাজুব ভৌমিক চলচ্চিত্র জগতে খুব অল্প সময়েই চমক সৃষ্টি করেছেন। সম্প্রতি তিনি 'পাশা' চলচ্চিত্রের জন্য সুচিত্রা সেন আইবিএফএফ ২০২৪ এ এনআরবি সেরা অভিনেতার পুরস্কার পেয়েছেন।

গত রবিবার (২১ এপ্রিল) সন্ধ্যায় নিউইয়র্কের জ্যামাইকায় সুচিত্রা সেন আন্তর্জাতিক বাংলা চলচ্চিত্র উৎসবে তিনি পুরস্কার গ্রহণ করেন। এ সময় দেশ-বিদেশের শীর্ষ চলচ্চিত্র তারকা ফেরদৌস আহমেদ, চঞ্চল চৌধুরী, ঋতুপর্ণা সেনগুপ্ত, পায়েল সরকার, তমা মির্জাসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

রাজুব বলেন, সুচিত্রা সেন আইবিএফএফ-২০২৪ এ এনআরবি সেরা অভিনেতার পুরস্কারের জন্য সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞ। পাশা চলচ্চিত্রটি আমার অভিনীত ক্ষুদ্র একটি প্রয়াশ। এর পেছনে রয়েছে অসংখ্য ঘণ্টার কঠোর পরিশ্রম, অসীম আবেগ এবং চলচ্চিত্রের প্রতি গভীর ভালোবাসা।

তিনি আরো বলেন, যারা এই সিনেমাটি বাস্তবে রূপ দিতে সাহায্য করেছেন আমি তাদের সবার প্রতি কৃতজ্ঞ। এই পুরস্কারটি আমাদের পরিচালক তানিম আহমেদ এবং নাট্য প্রশিক্ষক শরীফ হোসেন ইমনকে উৎসর্গ করতে চাই। যাদের অসীম ধৈর্য এবং প্রেরণা আমাকে এই পারফরম্যান্সের জন্য প্রস্তুত করেছে। এই অর্জন তাদেরও!

'পাশা' চলচ্চিত্রটি একটি গভীর মানবিক গল্প নিয়ে তৈরি হয়েছে যা দর্শকদের মন ছুঁয়ে গেছে। 'পাশা' চলচিচত্রটি একটি সামাজিক ইস্যুকে কেন্দ্র করে তৈরি হয়েছে, যা বাংলাদেশের সমাজের বিভিন্ন স্তরের মানুষদের জীবনের সংগ্রাম এবং তাদের পারস্পরিক সম্পর্ককে তুলে ধরে।

রাজুবের অভিনয়ের গভীরতা এবং সংবেদনশীলতা দর্শকদের মনে গভীর ছাপ রেখে তাকে একজন অসাধারণ নবীন প্রতিভা হিসেবে পরিচিতি দিয়েছে।

## বিচ্ছেদের দীর্ঘ জল্পনা, অবশেষে খোলাসা করলেন ঐশ্বরিয়া





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ঐশ্বরিয়া রায় ও অভিষেক বচ্চনের বিবাহবিচ্ছেদ হচ্ছে বছরখানেক ধরে বলিপাড়ায় এই জল্পনা তুঙ্গে। শোনা যাচ্ছিল, বচ্চন পরিবারের সঙ্গে ক্রমাগত নাকি দূরত্ব বাড়ছিল অভিনেত্রীর। মাসখানেক আগে ননদ শ্বেতা নন্দার ৫০তম জন্মদিনের পার্টিতেও দেখা যায়নি অভিষেক-ঐশ্বরিয়াকে। তার আগে বচ্চনদের দীপাবলির অনুষ্ঠানেও অনুপস্থিত ছিলেন অভিনেত্রী। যার ফলেও তাদের সম্পর্কের সমীকরণ নিয়ে বেশ জলঘোলা হয়। অবশেষে নিজের ১৭তম বিবাহবার্ষিকীর দিনই বিষয়টি খোলাসা করলেন ঐশ্বরিয়া।

২০০৭ সালে অমিতাভ বচ্চনের ছেলে অভিষেক বচ্চনের সঙ্গে সাতপাকে বাঁধা পড়েন অভিনেত্রী। প্রায় ১৬ বছরের দাম্পত্য জীবন অভিষেক-ঐশ্বরিয়ার। অভিষেকের সঙ্গে বিয়ের পর বলিপাড়ার এমন কোনও অনুষ্ঠান দেখা যায়নি, যেখানে ঐশ্বরিয়া একা উপস্থিত ছিলেন। সব সময় অভিষেকের সঙ্গেই দেখা যেত তাকে। কিন্তু গত বছরে যেন বদলে যায় সেই ছবি। একে অপরকে ছাড়াই যাচ্ছেন সব জায়গায়। গত প্রায় দু'দশকের পথচলায় একাধিকবার বিভিন্ন ধরনের গুঞ্জন তৈরি হয়েছে বচ্চন পরিবারকে ঘিরে। এবার অবশ্য সব জল্পনার অবসান ঘটিয়ে ২১ এপ্রিল অভিষেক ও মেয়ে আরাধ্যার সঙ্গে ছবি দিলেন ঐশ্বরিয়া।

ক্যাপশনে শুধুই হৃদয়ের ইমোজি। মায়ের কাঁধে মাথা দিয়ে রয়েছে আরাধ্যা। মেয়ের মাথায় থুতনি ঠেকিয়ে পোজ অভিষেকের, এটি ছিল একটি সেলফি, যা তুলেছেন ঐশ্বরিয়া। এই একই ছবি নিজের ইনস্টাগ্রামে পোস্ট করেন জুনিয়র বচ্চন। আসলে গত কয়েক মাস ধরে তাদের নিয়ে যেসব জল্পনা ঘনীভূত হয়েছে, এই একটি পোস্টেই যেন সব কিছু স্পষ্ট করে দিয়েছেন ঐশ্বরিয়া-অভিষেক। তাদের দাম্পত্য জীবন যে মজবুত, সেই বার্তাই যেন দিলেন সাবেক এই বিশ্ব সুন্দরী।

## লোকসভা নির্বাচন, বলিউড তারকাদের ডিপফেক ভিডিও নিয়ে দুশ্চিন্তা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের লোকসভা নির্বাচন কেন্দ্র করে বলিউড তারকাদের কিছু ডিপফেক ভিডিও ছড়িয়ে পড়েছে অনলাইনমাধ্যমে। আর এ নিয়েই শুরু হয়েছে হইচই। এই ভিডিওগুলোতে দুই বলিউড সুপারস্টারকে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ব্যাপক সমালোচনা করতে দেখা যায়। একই সঙ্গে তারা চলমান লোকসভা নির্বাচনে বিরোধী দল কংগ্রেসকে ভোট দেওয়ার আহ্বান জানাচ্ছে। ভাইরাল দুই ভিডিওর মধ্যে ৩০ সেকেন্ডের একটি ভিডিও আমির খানের এবং ৪১ সেকেন্ডের আর একটি ভিডিও রণবীর সিংয়ের। ওই ভিডিওতে এই দুই সুপারস্টারকে বলতে শোনা গেছে, মোদি যে নির্বাচনি প্রতিশ্রুতি দিয়েছিলেন তা বাস্তবায়নে তিনি ব্যর্থ হয়েছেন। এছাড়া গত দুই মেয়াদের ক্ষমতায় তিনি অর্থনৈতিক সংকটে রোধেও তেমন কোনো কার্যকরী পদক্ষেপ নিতে পারেন নাই। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে তৈরিকৃত এই ভিডিও'র শেষে কংগ্রেসের প্রতীক এবং শ্লোগান তুলে ধরা হয়। বলা হয়েছে 'ভোট হলো অধিকার, কংগ্রেসকে ভোট দিন'। আমিরের ভাইরাল ডিপফেক ভিডিও নিয়ে মুম্বাইর থানায় একটি মামলাও করেছে পুলিশ। জানিয়েছে এই ঘটনার সাথে যুক্তদের ধরতে অভিযান শুরু হয়েছে।

## পদ্মশ্রী পুরস্কার গ্রহণ করলেন রেজওয়ানা চৌধুরী বন্যা






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের চতুর্থ সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'পদ্মশ্রী' পদক গ্রহণ করলেন উপমহাদেশের প্রখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা। সোমবার (২২ এপ্রিল) সন্ধ্যায় দিল্লিতে ভারতের রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে এ পুরস্কার গ্রহণ করেন তিনি।

এদিকে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন তাদের অফিশিয়াল ফেসবুক পেজে এক পোস্টে জানায়, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অধ্যাপক (ড.) রেজওয়ানা চৌধুরী বন্যাকে শিল্পকলায় পদ্মশ্রী পদক প্রদান করেছেন। তিনি বাংলাদেশের একজন দক্ষ পেশাদার সঙ্গীতশিল্পী, রবীন্দ্রসঙ্গীতের একজন নিবেদিতপ্রাণ অনুশীলনকারী।

ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা হচ্ছে ভারতরত্ন। তারপরই রয়েছে পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রী। নানা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য প্রদান করা হয়ে থাকে পুরস্কারগুলো।

এ বছর দেশটির সরকার বিভিন্ন ক্ষেত্রে ১৩২ জন বিশিষ্ট ব্যক্তিকে পদ্ম সম্মাননার জন্য মনোনীত করেছে। এদের মধ্যে পাঁচজন পদ্মবিভূষণ, ১৭ জন পদ্মভূষণ আর ১১০ জন পদ্মশ্রী সম্মাননা পেয়েছেন।

এর আগে চলতি বছরের জানুয়ারির শেষ দিকে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে এবারের পদ্ম পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করে।

প্রসঙ্গত, রেজওয়ানা চৌধুরী বন্যা রবীন্দ্রসঙ্গীত ছাড়াও ধ্রুপদী, টপ্পা ও কীর্তন গানের ওপর শিক্ষা লাভ করেছেন। প্রাথমিক অবস্থায় রেজওয়ানা চৌধুরী বন্যা 'ছায়ানট' ও পরে ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি বুলবুল ললিতকলা একাডেমিতেও পড়াশোনা করেছেন। তিনি 'সুরের ধারা' নামের একটি সঙ্গীত শিক্ষা প্রতিষ্ঠান চালু করেন।

রেজওয়ানা চৌধুরী বন্যার কণ্ঠে এ পর্যন্ত বহু অ্যালবাম প্রকাশিত হয়েছে। এর মধ্যে রয়েছে- 'স্বপ্নের আবেশে', 'সকাল সাঁঝে', 'ভোরের আকাশে', 'লাগুক হাওয়া', 'আপন পানে চাহি', 'প্রাণ খোলা গান', 'এলাম নতুন দেশে', 'মাটির ডাক', 'গেঁথেছিনু অঞ্জলি', 'মোর দরদিয়া', 'শ্রাবণ তুমি' ও 'ছিন্নপত্র' ইত্যাদি।

সঙ্গীতে অসামান্য অবদান রাখায় ২০১৬ সালে দেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মাননা স্বাধীনতা পদক লাভ করেন রেজওয়ানা চৌধুরী বন্যা।

## 'এসব আমাকে দিয়ে হয় না', কাজ পাওয়া প্রসঙ্গে পরিণীতি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী পরিণীতি চোপড়া, সদ্যই মুক্তি পেয়েছে তার ছবি 'অমর সিং চমকিলা।' সিনেমাটিতে অভিনেত্রীর অভিনয় বেশ প্রশংসা পাচ্ছে দর্শক ও সমালোচকদের কাছে। বেশ লম্বা সময় পর প্রধান চরিত্রে দেখা গেল অভিনেত্রীকে। গত বছর অক্ষয় কুমারের মিশন রানিগঞ্জেও ছোট চরিত্রে অভিনয় করেছিলেন পরিণীতি।

এরপর আর প্রধান চরিত্রে দেখা যায়নি তাকে। সম্প্রতি বলিউড হাঙ্গামাকে দেওয়া সাক্ষাৎকারে নিজের কম কাজ করার কারণ গিয়ে বলিউড ইন্ডাস্ট্রির অন্ধকার দিকের কথা বললেন পরিণীতি। অমর সিং চমকিলা তাঁর ক্যারিয়ার শেষ করে দেবে এমন পরামর্শও পেয়েছিলেন অভিনেত্রী। পাঞ্জাবের জনপ্রিয় গায়ক অমর সিং চমকিলার জীবনকেই পর্দায় তুলে আনা হয়েছে।

যেখানে অমর সিংয়ের স্ত্রী অমরজিৎ কৌরের চরিত্রে অভিনয় করে দর্শকের ভালোবাসা ও প্রশংসা কুড়িয়েছেন পরিণীতি। কিন্তু, এই সিনেমার সঙ্গে চুক্তিবদ্ধ হওয়ার পরই পরিণীতি তার সহকর্মীদের কাজ থেকে বেশ কিছু পরামর্শ পান। যেখানে তাকে বলা হয়েছিল, অমর সিং চমকিলা তার অভিনয় ক্যারিয়ার শেষ করে দিতে পারে। যদিও পরিণীতি নিজের সিদ্ধান্তে অনড় ছিলেন।

সাক্ষাৎকারে পরিণীতি জানান, তিনি নিজের ভুলটা বুঝতে পেরেছিলেন। নিজের সিদ্ধান্তকে সায় না দিয়ে অন্যের কথা বা পরামর্শ শোনাটা যে উচিত হয়নি সেই কথাই বলেন অভিনেত্রী। বলিউডে ইন্ডাস্ট্রির অন্ধকার দিকটার প্রতি পরিণীতি আলোকপাত করেন। অভিনেত্রী বলেন, 'আমার পাবলিক রিলেশনসটা একেবারেই ভালো নয়। আমি সেই জায়গায় একদমই যেতে পারি না যেখানে লাঞ্চ বা ডিনার টেবিলে কাজ পাওয়ার সুযোগ তৈরি হয়। যে ইভেন্টে সিনেমায় কাজের সুযোগ পাওয়ার সম্ভবনা থাকে সেই জায়গায় আমি একেবারেই যেতে পারি না।'

পরিণীতি আরো বলেন, 'আমি সেই জায়গাটায় কোনও সম্পর্ক তৈরি করতে পারি না যেখানে এক্সট্রা মাইলেজ পাওয়া যায়। কারও কাঁধে ভর করে আমি বাড়তি সুযোগ নিতে পারব না। এসব আমাকে দিয়ে হয় না। আমি সেইরকম মানুষ যে প্রচুর পরিশ্রম করতে পারে। অভিনয় করব। শুধু ভালো কাজ পাওয়ার অপেক্ষা।'

সাক্ষাৎকারে পরিণীতি ইন্ডাস্ট্রির সব প্রযোজক-পরিচালকের উদ্দেশ্যে বলেন, 'ভালো কাজের খিদে রয়েছে আমার। আমি হয়তো প্রতিদিন ক্যামেরায় আসতে পারি না। তবে ভালো কাজের জন্য অবশ্যই যোগাযোগ করুন।'

২০১১ সালে 'লেডিজ ভার্সেস ভিকি ভ্যাল' দিয়ে ইন্ডাস্ট্রিতে আত্মপ্রকাশ করেন পরিণীতি। এরপর আর পিছন ফিরে তাকাতে হয়নি তাকে। একের পর এক হিট সিনেমা দর্শককে উপহার দিয়েছেন এই অভিনেত্রী। সম্পর্কে তিনি বলিউড ডিভা প্রিয়াঙ্কা চোপড়ার মাসতুতো বোন। গত বছর রাজনীতিবিদ ও আদ আদমি পার্টির এমপি রাঘব চাড্ডাকে বিয়ে করেন পরিণীতি।

## পাঞ্জাবকে হারিয়ে
# মুম্বাই-দিল্লিকে পিছনে ফেলল গুজরাট



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : আইপিএলে দিনের দ্বিতীয় ম্যাচে পাঞ্জাব কিংসকে তিন উইকেটে হারিয়ে বড় লাফ দিয়েছে গুজরাট টাইন্স। এতে তারা পয়েন্ট টেবিলের আট থেকে একেবারে ছয় নম্বরে উঠে এল। একই সঙ্গে তারা মুম্বাই ও দিল্লিকে পিছনে ফেলেছে।

রবিবার রাতে মুল্লানপুরে টস জিতে ব্যাট করতে নেমে পাঞ্জাবের শুরুটা হয় দারুণ। উদ্বোধনী জুটিতে ৫২ রান যোগ করেন প্রাভসিমরান ও স্যাম কারান। ২১ বলে ৩৫ করা প্রাভসিমরানকে ফিরিয়ে গুজরাট ব্রেকথ্রু পায় মোহিত শর্মার কল্যাণে। এরপর পাঞ্জাবের ব্যাটিং লাইনআপ ভেঙে দেওয়ার কাজটি করেন স্পিনাররা। যেখানে সাই কিশোর ৪ ওভারে ৩৩ রান দিয়ে একাই শিকার করেন ৪ উইকেট। নুর আহমেদ ২০ রান দিয়ে দু'টি, রশিদ ১৫ রান দিয়ে নেন একটি উইকেট। শেষ দিকে হারপ্রীত ব্রারের ১২ বলে ২৯ রানের ক্যামিও ইনিংসে লড়াই করার মতো পুঁজি দাঁড় করায় পাঞ্জাব।

আইপিএলের তুলনায় লক্ষ্য খুব একটা বেশি না হলেও তাড়াহুড়ো করেনি গুজরাট। ১ উইকেটে ৭৭ রান থেকে ৪ উইকেটে ১০৪ রান হারিয়ে ফেলায় জমে ওঠে প্রতিদ্বন্দ্বিতা। ম্যাচ শেষ ওভারে গেলেও তেওয়াতিয়ার কারণে ম্যাচ থেকে ছিটকে যায় পাঞ্জাব। ১৮ বলে ৭ চারে ৩৬ রান করেন তেওয়াতিয়া। এছাড়া শুভমান গিল ৩৫ ও সাই সুদর্শন করেন ৩১ রান। পাঞ্জাবের হার্শাল প্যাটেল সর্বোচ্চ তিনটি ও লিয়াম লিভিংস্টোন নেন দুটি উইকেট।

এ জয়ে ৮ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে টেবিলের ছয়ে আছে গুজরাট। সমান ম্যাচে চার পয়েন্ট নিয়ে নয়ে পাঞ্জাব।


# ধোনি ব্যাট ধরলেই ভয়ে কাঁপে বোলাররা: রাহুল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : আইপিএলে মাহেন্দ্র সিং ধোনির চেন্নাই সুপার কিংসের বিপক্ষে দুরন্ত জয় পেয়েছে লখনউ সুপার জায়ান্ট। অধিনায়ক হিসেবে দলকে জেতাতে সক্ষম হয়েছেন লোকেশ রাহুল। এখনো পর্যন্ত ৭টি ম্যাচের মধ্যে ৪টিতে জিতেছে লখনউ। কলকাতার বিরুদ্ধে হারের ধাক্কা কাটিয়ে উঠেছে লখনউ শিবির। এরইমধ্যে মাহেন্দ্র সিং ধোনির প্রশংসায় পঞ্চমুখ হলেন লোকেশ রাহুল। সুপার জায়ান্টসদের বিপক্ষেও মাহির ব্যাট থেকে এসেছে ৯ বলে ২৮ রানের দুরন্ত ইনিংস। যেখানে এবারের আইপিএলে লখনউ দলের বোলিং লাইন আপ অন্যতম সেরা বলা হচ্ছে। ১৬০-১৭০ রান করেও তারা সহজে ডিফেন্ড করে নিতে পারে, সেই ডেথ বোলিংয়ের বিপক্ষেই মাহেন্দ্র সিং ধোনি এসে পরপর ছয়, চার হাঁকিয়ে দিয়েছেন। যা দেখে রাহুল বলছেন, মাহেন্দ্র সিং ধোনি মাঠে ঢোকার সঙ্গে সঙ্গে বদলে যায় পরিবেশ। বোলারদের গ্রাস করে ধোনির আতঙ্ক। রাহুলের এই কথা বলার অবশ্য কারণ রয়েছে। এবারের আইপিএলে অন্যান্য দলের সেরা সেরা তারকা যারা এই মূহূর্তে বিশ্ব ক্রিকেট দাপিয়ে বেড়াচ্ছে, তাদের পারফরমেন্সের তুলনায় মাহেন্দ্র সিং ধোনির পারফরমেন্স যে মোটেই কম নয়। এবারের আইপিএলে এখনো পর্যন্ত খুব কম বল খেললেও, তাতেই নিজের ছাপ রেখে গেছেন মাহি। মুম্বাইয়ের বিপক্ষে মেরেছিলেন হার্দিককে পরপর তিনটি ছয়। লখনউয়ের বিপক্ষে যশ ঠাকুর এবং মোহসিন খানের ওভারেও তুললেন বড় রান। দলকে খারাপ জায়গা থেকে অনেকটাই লড়াইয়ের পরিস্থিতিতে নিয়ে যান মাহি। যদিও সেই ম্যাচ ১ ওভার বাকি থাকতেই জিতে নেয় লোকেশ রাহুলের লখনউ সুপার জায়ান্টস, সৌজন্যে দুই ওপেনারের অর্ধশতরান। ম্যাচ শেষের পর লোকেশ রাহুল বলছেন, '১৬০-১৬৫ এরমধ্যে চেন্নাইকে আটকে দেব ভেবেছিলাম। কিন্তু মাহেন্দ্র সিং ধোনি ব্যাট করতে নামার সঙ্গে সঙ্গেই আমাদের তরুণ বোলাররা চাপে পড়ে যায়। প্রত্যেক দলের এবং বোলারদের বিপক্ষেই ধোনির এই আতঙ্ক কাজ করে, এটা নতুন কিছু নয়। আমাদের দলে অনেক তরুণ ক্রিকেটাররা রয়েছে। দর্শকের এত আওয়াজ এমএসডিকে নিয়ে, তাই তাদের চাপে পড়ে যাওয়াটা স্বাভাবিক। মাহি অসাধারণ ক্রিকেটার, বিশেষ করে শেষ দিকে যে ওভারবাউন্ডারি গুলো মেরেছে। তবে আমরা জানতাম একটু বেশি রান হয়ে গেলেও, ম্যাচ জেতা সম্ভব'।

এপ্রিলের ২৩ তারিখ দুই দল ফের মুখোমুখি হতে চলেছে। এই ম্যাচ ছিল লখনউতে। পরের বার ম্যাচ হবে চেন্নাইতে। ফলে ধোনিদের হোম গ্রাউন্ডে ফুল প্যাকড সিএসকে সমর্থকদের সামনে রাহুলের তরুণ ব্রিগেডের কাজটা যে আরো কঠিন হবে তা বলাই যায়। ম্যাচে ৮২ রান করেন লোকেশ রাহুল। অপর অধিনায়ক রুতুরাজ রান পাননি। ম্যাচের শেষে তিনি বলেন আর ১০-১৫ রান বোর্ডে থাকলে লড়াই জমত। জাদেজা অর্ধশতরান করলেও রাহানে একটু বেশি বল খেলেন। এদিকে রচিন রবীন্দ্র এই ম্যাচও রান পাননি। শ্রীলঙ্কার পাথিরানা একটি সহজ ক্যাচ মিস করেন। পরের ম্যাচের আগে দ্রুত এই বিষয়গুলো শুধরে নিতে মরিয়া সিএসকে টিম ম্যানেজমেন্ট।

## বার্সাকে হারিয়ে
# শিরোপার আরো কাছে রিয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : লা লিগার চলতি মৌসুমের দ্বিতীয় এল ক্লাসিকোয় বার্সেলোনাকে কাঁদিয়ে শিরোপার আরো কাছে রিয়াল মাদ্রিদ। ২২ এপ্রিল রাতে সান্তিয়াগো বার্নাব্যুর এল ক্লাসিকোয় চিরপ্রতিদ্বন্দ্বীদে ৩-২ গোলে হারায় ভিনিসিয়ুস-বেলিংহামরা। ম্যাচের আন্দ্রেয়াস ক্রিস্টেনসেনের গোলে বার্সেলোনা এগিয়ে যাওয়ার পর ১৮ মিনিটে সমতা টানেন ভিনিসিয়ুস জুনিয়র। দ্বিতীয়ার্ধে আবারও এগিয়ে যায় বার্সা। ৬৯ মিনিটে ফেরমিন লোপেসের নৈপুণ্যে সফরকারীরা ফের এগিয়ে যাওয়ার মিনিট চারেক পর এবার রিয়ালকে সময়তায় আনেন ম্যাচজুড়ে দুর্দান্ত খেলা লুকাস ভাসকেস। আর শেষ মুহূর্তে ব্যবধান গড়ে দেন জুড বেলিংহ্যাম।

এই নিয়ে চলতি মৌসুমের তিন ক্লাসিকোর সবগুলোয় জিতল রিয়াল। গত অক্টোবরে প্রথম লেগে বার্সেলোনার মাঠে ঘুরে দাঁড়িয়ে বেলিংহ্যামের জোড়া গোলে ২-১ ব্যবধানে জিতেছিল আনচেলত্তির দল। এরপর জানুয়ারিতে ভিন্ন প্রতিযোগিতায় আবারও মুখোমুখি হয় দল দুটি; স্প্যানিশ সুপার কাপের ফাইনালে চিরপ্রতিদ্বন্দ্বীদের ৪-১ গোলে বিধ্বস্ত করে শিরোপা জেতে মাদ্রিদের দলটি।

রুদ্ধশ্বাস ক্লাসিকোয় জিতে ১১ পয়েন্টে এগিয়ে গেল রিয়াল। এখন পর্যন্ত ৩২ ম্যাচ খেলে ২৫ জয় ও ৬ ড্রয়ে রিয়ালের পয়েন্ট ৮১। সমান ম্যাচে ২১ জয় ও ৭ ড্রয়ে ৭০ পয়েন্ট নিয়ে দুইয়ে বার্সেলোনা। তৃতীয় স্থানে জিরোনার পয়েন্ট ৬৮।

## মেসি ম্যাজিকে
# জয় পেল মায়ামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আর্জেন্টাইন তারকা লিওনেল মেসির দুর্দান্ত পারফরম্যান্সে জয় পেয়েছে ইন্টার মায়ামি। ফলে এমএলএসের ম্যাচে পূর্ণ পয়েন্ট নিয়ে মাঠ ছেড়েছে দলটি। স্পোর্টিং কানসাস সিটির পরে এবার নাশভিলের বিপক্ষে জয়ে বড় ভূমিকা রাখেন বিশ্বকাপজয়ী অধিনায়ক।

এমএলএসের ম্যাচে চেজ স্টেডিয়ামে মুখোমুখি হয় ইন্টার মায়ামি ও নাশভিল। ম্যাচটিতে ৩-১ গোলে জয় পায় মায়ামি। দলের হয়ে জোড়া গোল করেন মেসি। মেসির পাস থেকে বাকি গোলটি করেন সার্জিও বুসকেটস। নাশভিলের হয়ে একমাত্র গোলটি হয় আত্মঘাতী। ম্যাচের দুই মিনিটের সময় দলটির ডিফেন্ডার ফ্রাঙ্কো নেগ্রির আত্মঘাতী গোলে এগিয়ে যায় নাশভিল। তবে ম্যাচে ফিরতে বেশিক্ষণ সময় নেয়নি মায়ামি। ম্যাচের ১১তম মিনিটে সুয়ারেজের অ্যাসিস্ট থেকে গোল করে ম্যাচে সমতা ফেরার মেসি। এরপর ম্যাচের প্রথমার্ধেই লিড নেয় মায়ামি। ৩৯তম মিনিটে মেসির কর্নার কিক থেকে হেড করে দলকে লিড পাইয়ে দেন সার্জিও বুসকেটস। ২-১ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় মায়ামি। বিরতি থেকে ফিরে ৮১তম মিনিটে পেনাল্টি থেকে গোল করে নিজের জোড়া গোল পূর্ণ করেন এলএমটেন। শেষ পর্যন্ত ৩-১ গোলের জয় নিয়েই মাঠ ছাড়ে ইন্টার মায়ামি।

# আচরণবিধি ভাঙায় কোহলিকে জরিমানা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে জয়ের খুব কাছে গিয়েও ১ রানে হেরে ফিরতে হয় রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে। সে ম্যাচে হার্শিত রানার ফুলটস বলে তাকেই ক্যাচ উপহার দেন বিরাট কোহলি। পাশাপাশি ৭ বলে ১৮ রান করা কোহলিকে আচরণবিধি ভাঙার জন্য ম্যাচ ফি'র ৫০ শতাংশ জরিমানা করে আইপিএল কর্তৃপক্ষ।

যদিও কারণ সম্পর্কে নির্দিষ্ট করে বলা হয়নি। তবে আউট হওয়ার পর আম্পায়ারের উদ্দেশে প্রতিক্রিয়া জানিয়েছিলেন কোহলি। তার মনে হয়েছিল, ডেলিভারিটি ফুলটস ছিল না বরং বিমার ছিল। তাই নো বলের দাবি জানান তিনি। কিন্তু টিভি আম্পায়ারও আউটের সিদ্ধান্ত বহাল রাখেন।

স্লোয়ার ডেলিভারিটি খেলার সময় ক্রিজ ছেড়ে কিছুটা বেরিয়ে আসেন কোহলি। তখন বল তার কোমর ওপর ছিল। মাটি থেকে ১.০৪ মিটার উচ্চতায় ছিল বল। কিন্তু হকআইতে দেখা যায়, কোহলি যদি ক্রিজে থাকতেন তাহলে বল তার কোমরের নিচেই থাকত। সেক্ষেত্রে মাটি থেকে বলের উচ্চতা হত ০.৯২ মিটার।

কিন্তু কোহলি আউট অসন্তুষ্টই থাকেন। নাখোশ ছিলেন বেঙ্গালুরুর অধিনায়ক ফাফ ডু প্লেসিও।

# আইপিএল শেষ অস্ট্রেলিয়ান অলরাউন্ডার মিচেল মার্শের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : হ্যামস্ট্রিংয়ে চোট পেয়ে আইপিএলের এবারের আসর থেকে ছিটকে গেলেন অস্ট্রেলিয়ান অলরাউন্ডার মিচেল মার্শ। তার ফ্র্যাঞ্চাইজি দল দিল্লি ক্যাপিটালসের প্রধান কোচ রিকি পন্টিং এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, আইপিএলে দিল্লির হয়ে ৩ এপ্রিল সর্বশেষ ম্যাচ খেলেন মার্শ। এরপর ১২ এপ্রিল ফিরে যান অস্ট্রেলিয়ার পার্থে। হ্যামস্ট্রিংয়ে চোট সারাতে ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) মেডিকেল স্টাফদের দ্বারস্থ হন ৩২ বছর বয়সী এই তারকা। আইপিএলে মার্শ ফিরবেন কবে, তখন এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি, কারণ চোট থেকে সেরে উঠতে তাঁর পর্যাপ্ত সময়ের প্রয়োজন ছিল।

দিল্লিতে সংবাদমাধ্যমকে পন্টিং বলেছেন, 'আমার মনে হয় না সে ফিরে আসবে। বদলি খেলোয়াড়ের ব্যাপারে নির্দিষ্ট সময়সীমাও বেঁধে দেওয়া আছে। সেরে ওঠার প্রক্রিয়া শুরু করতে ক্রিকেট অস্ট্রেলিয়া তাকে দ্রুত নিজেদের কাছে চেয়েছে এবং আমরাও যত দ্রুত সম্ভব তাকে পাঠিয়েছি।'

পন্টিং এরপর বলেছেন, 'কয়েক সপ্তাহ ধরে তারা তার পুনর্বাসনপ্রক্রিয়ার দেখভাল করছে। সেদিন তার (মার্শ) সঙ্গে কথা হলো, যেটা বুঝলাম সে যেমন ভেবেছিল তার চেয়ে বেশি সময় লেগেছে। তবে আমার মনে হয় না, টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলা নিয়ে কোনো সমস্যা হবে।' ১ জুন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে শুরু হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ। এই টুর্নামেন্টে অস্ট্রেলিয়ার নেতৃত্ব দেওয়ার কথা মার্শের। দিল্লির হয়ে আইপিএলে এ মৌসুমে ৪ ম্যাচ খেলেছেন মার্শ। ৩ ইনিংসে ব্যাটিংয়ে নেমে মোট ৬১ রান করেছেন। সর্বোচ্চ স্কোর ২৩। বোলিংয়ে ৮ ওভারে ১২.৮৭ ইকোনমিতে পেয়েছেন ১টি উইকেট। এ নিয়ে টানা দ্বিতীয় মৌসুম আইপিএলের মাঝপথে মার্শকে হারাল দিল্লি। সাড়ে ৬ কোটি রুপিতে মার্শকে কিনে গত বছর তাঁকে মাত্র ৯ ম্যাচ খেলাতে পেরেছে দিল্লি। এবার ৮ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে আইপিএল টেবিলে অষ্টম দিল্লি। জিতেছে ৩ ম্যাচ, হেরেছে ৫ ম্যাচ।

## আইপিএলে ম্যাচ
# হারের পর ডু প্লেসি-কারেনের জরিমানা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : মাত্র ১ রানের শ্বাসরুদ্ধকর জয় নিয়ে মাঠ ছেড়েছিল কলকাতা নাইট রাইডার্স। যেখানে হতাশায় ডুবেছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু (আরসিবি)। এদিন আরেক খেলায় গুজরাট টাইটানসের কাছে ৩ উইকেটে পরাজিত হয়েছে পাঞ্জাব কিংস। তবে ম্যাচ হারের পর দুই দলের অধিনায়ককেই গুনতে হলো জরিমানা।

আচরণবিধি ভঙ্গ করার দায়ে বেঙ্গালুরুর অধিনায়ক ফাফ ডু প্লেসিকে ১২ লাখ রুপি জরিমানা করেছে আইপিএল কর্তৃপক্ষ। কলকাতার ঘরের মাঠ ইডেন গার্ডেন্সে ওভাররেটের আইন ভঙ্গের কারণে তাকে এই জরিমানা করা হয়। চলতি মৌসুমে এই প্রথম জরিমানা গুনলেন ডু প্লেসি।

অপরদিকে পাঞ্জাব অধিনায়ক স্যাম কারেনকে ম্যাচ ফির ৫০ শতাংশ জরিমানা করা হয়েছে। আইপিএল কর্তৃপক্ষ জরিমানা বিবৃতিতে জানিয়েছে, আচরণবিধি সংশ্লিষ্ট ধারা ২.৮ এর লেভেল ১ ভঙ্গ করেছেন কারেন। যেখানে আম্পায়ারের সিদ্ধান্তকে অসম্মান করার অভিযোগ আনা হয়েছে কারেনের বিপক্ষে।

চলতি মৌসুমে বেঙ্গালুরু ও পাঞ্জাব-দুই দলের অবস্থাই করুণ। ৮ ম্যাচে মাত্র ১ জয়ে টেবিলের তলানীতে আছে বেঙ্গালুরু। আর সমান ম্যাচে ২ জয়ে টেবিলের নিচ থেকে দ্বিতীয়স্থানে আছে পাঞ্জাব।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR